

বার্ষিক প্রতিবেদন-২০১৭-২০১৮
খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

১। **কল্যাণ ট্রাস্টের ইতিবৃত্তঃ** ১৯৮৩ খ্রিস্টাব্দে খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট অধ্যাদেশ জারির ২৬ বৎসর পর বিগত সরকারের আমলে ৫ নভেম্বর ২০০৯ খ্রিস্টাব্দে খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট গঠন করা হয়। ইহা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীনস্থ একটি সংস্থা, যা পরিচালনার জন্য ৭ সদস্য বিশিষ্ট একটি ট্রাস্টি বোর্ড রয়েছে।

২। **বোর্ড অব ট্রাস্টিঃ** ৭ সদস্য বিশিষ্ট ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান, ভাইস-চেয়ারম্যান জনাব জুয়েল আরেং, এমপি, ট্রাস্টি ড. বেনেডিক্ট আলো ডি'রোজারিও, জনাব হিউবার্ট গমেজ, জনাব জেমস সুব্রত হাজারা, জনাব উইলিয়াম প্রলয় সমদার এবং ট্রাস্টি ও সচিব জনাব নির্মল রোজারিও।

৩। অনুদান প্রদানঃ

২০১৭-১৮ অর্থ বছরে মোট ৫৯টি চার্চকে মেরামত, সংস্কার, নির্মাণ, মাটিভরাট, কবরস্থানের বাউন্ডারী নির্মাণের জন্য সর্বমোট ১৮ লক্ষ টাকা খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্টের পক্ষ থেকে অনুদান হিসেবে প্রদান করা হয়েছে।

৪। জাতীয় দিবস উদযাপনঃ

খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট ও বাংলাদেশ খ্রীষ্টান এসোসিয়েশনের যৌথ উদ্যোগে প্রতি বৎসর ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস উপলক্ষে তেজগাঁও হলি রোজারি চার্চে বিশেষ প্রার্থনা সভার আয়োজন করা হয়। এ ছাড়াও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবস, মাননীয় প্রধানমন্ত্রীর জন্মদিবস, মহান বিজয় দিবস, স্বাধীনতা দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শহীদদের স্মরণে ও জাতির সুখ সমৃদ্ধি কামনা করে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়েছে।

৫। বঙ্গভবনের অনুষ্ঠান আয়োজনে সহযোগিতা প্রদানঃ

প্রতি বছরের ন্যায় শূভ বড়দিন-২০১৭ উপলক্ষে ২৫ শে ডিসেম্বর বঙ্গভবনে মহামান্য রাষ্ট্রপতি খ্রিস্টান সম্প্রদায়ের বিশিষ্ট ব্যক্তিদের সম্মানে সংবর্ধনা আয়োজন করে। এই আয়োজনে সরকারি পর্যায়েও সম্প্রদায়ের পক্ষ থেকে সকল প্রকার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হয়েছে।

৬। প্রশিক্ষণ প্রদানঃ

পরিবর্তনশীল সমাজে যুব সমাজের নীতি ও নৈতিকার গুরুত্ব ও প্রয়োজনীয়তা, সম্প্রীতিপূর্ণ সমাজব্যবস্থা গঠনে যুব সমাজের ভূমিকার উপর যুবক-যুবতীদের জন্য ৪টি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। ৪টি প্রশিক্ষণ কর্মশালায় মোট ২৬৭ জন ছাত্র-ছাত্রী উপস্থিত ছিলেন। এছাড়াও বর্তমান প্রেক্ষাপটে খ্রিস্টভক্ত জনগণের আধ্যাতিক পরিচর্যায় পালক-পুরোহিতগণের ভূমিকা এবং আন্তর্ধর্মীয় সম্প্রীতি ও সহবস্থান গড়ে তুলতে পালক পুরোহিতগণের করণীয় বিষয়ক ২টি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। ২টি প্রশিক্ষণ কর্মশালায় পালক পুরোহিত উপস্থিত ছিলেন ১১৩ জন।

৭। খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট আইনঃ

১৯৮৩ খ্রিস্টাব্দের খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট অধ্যাদেশটি মন্ত্রী পরিষদের সিদ্ধান্তের আলোকে বাংলায় অনুবাদ ও যুগপোযোগী করে 'খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট আইন-২০১৮' নামে চূড়ান্ত করা হয়েছে। আইনটি ইতোমধ্যে মহামান্য রাষ্ট্রপতির সম্মতি লাভ করে মহান সংসদে 'খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট আইন-২০১৮' নামে ১৪ ফেব্রুয়ারী, ২০১৮ খ্রিস্টাব্দে বিলটি পাশ করা হয়েছে।

৮। জাতীয় অনুষ্ঠানে পালক/পুরোহিত প্রেরণঃ

খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট থেকে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে পবিত্র বাইবেল থেকে পাঠের জন্য পালক/পুরোহিত প্রেরণ করা হয়ে থাকে।

৯। অন্যান্যঃ

এছাড়াও দেশের খ্রিস্টান সমাজের সাধারণ নাগরিক ও প্রতিষ্ঠানের বিভিন্ন সমস্যা সমাধানে অত্র ট্রাস্ট সর্বদা সচেষ্ট থেকে ভূমিকা পালন করে যাচ্ছে।



নির্মল রোজারিও

সচিব

মোবাইল: ০১৭১৫০৩০৯৮৯

ফোন: ৯১১৪২৯৬, ফ্যাক্স : ৯১০৪৭১৫

ই-মেইল: crwt09@yahoo.com